

বার্ষিক প্রতিবেদন: ২০১৮-১৯

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১। কল্যাণ ট্রাস্টের ইতিবৃত্তঃ ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা, যা পরিচালনার জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে।

২। বোর্ড অব ট্রাস্টিঃ ৭ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আলহাজ্ব শেখ মোঃ আব্দুল্লাহ, ভাইস-চেয়ারম্যান জনাব জুয়েল আরেং, এমপি, ট্রাস্টি ড. বেনেডিক্ট আলো ডি' রোজারিও, জনাব হিউবার্ট গমেজ, জনাব জেমস সুরত হাজারী, জনাব উইলিয়াম প্রলয় সমদার এবং ট্রাস্টি ও সচিব জনাব নির্মল রোজারিও।

৩। অনুদান প্রদানঃ

২০১৮-১৯ অর্থ বছরে মোট ৫৮টি চার্চকে মেরামত, সংস্কার, নির্মাণ, মাটিভরাট, কবরস্থানের সীমানা প্রাচীর নির্মাণের জন্য সর্বমোট ১৪ লক্ষ ৫০ হাজার টাকা খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

৪। মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে শুভ বড়দিন-২০১৮ উপলক্ষে প্রাপ্ত অনুদান প্রদান কার্যক্রমঃ

মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে শুভ বড়দিন-২০১৮ উপলক্ষে প্রাপ্ত ৫০ লক্ষ টাকা থেকে ১০৭টি চার্চ/গির্জা/উপাসনালয়ের মধ্যে ৩৬ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১৩ লক্ষ ৫০ হাজার টাকা ট্রাস্টি বোর্ডের পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে বিভিন্ন চার্চ/গির্জা/উপাসনালয়ে অনুদান হিসেবে বিতরণ করা হবে।

৫। জাতীয় দিবস উদযাপনঃ

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস, মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের স্মরণে ও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

৬। বঙ্গভবনে শুভ বড়দিন-২০১৮ উদযাপন অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদানঃ

প্রতি বছরের ন্যায় শুভ বড়দিন-২০১৮ উপলক্ষে ২৫ শে ডিসেম্বর বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি খ্রিস্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে বড়দিনের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের আয়োজন করেন। এই আয়োজনে বঙ্গভবনে অতিথি তালিকা প্রেরণসহ প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদান করা হয়েছে।

৭। প্রশিক্ষণ প্রদানঃ

পরিবর্তনশীল সমাজে যুব সমাজের নীতি ও নৈতিকতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, সম্প্রীতিপূর্ণ সমাজব্যবস্থা গঠনে যুব সমাজের ভূমিকার উপর যুবক-যুবতীদের জন্য ২টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। ২টি প্রশিক্ষণ কর্মশালায় মোট ৩৭৮ জন যুবক-যুবতী ও ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। এছাড়াও বর্তমান প্রেক্ষাপটে খ্রিস্টভক্ত জনগণের আধ্যাতিক পরিচর্যায় পালক-পুরোহিতগণের ভূমিকা এবং আন্তর্ধর্মীয় সম্প্রীতি ও সহবস্থান গড়ে তুলতে পালক পুরোহিতগণের করণীয় বিষয়ক ১টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাটিতে ১০৮ জন পালক-পুরোহিত উপস্থিত ছিলেন।

৮। জাতীয় অনুষ্ঠানে পালক/পুরোহিত/পবিত্র বাইবেল পাঠক নিয়োগঃ

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় অনুষ্ঠানে চাহিদা অনুযায়ী পবিত্র বাইবেল থেকে পাঠ করার জন্য পালক/পুরোহিত/বাণীপাঠক প্রেরণ করা হয়েছে।

৯। অন্যান্যঃ

এছাড়াও উল্লেখিত সময়কালে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠায় দেশের খ্রিস্টান সমাজের সাধারণ নাগরিক ও প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে ট্রাস্ট সর্বদা সচেষ্ট ভূমিকা রেখেছে।

নির্মল রোজারিও

সচিব

মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯

ফোন: ৯১১৪২৯৬, ফ্যাক্স : ৯১০৪৭১৫

E-mail: crwt09@yahoo.com